**VESUVIUS plc**
**ঘুষ এবং দুর্নীতি দমন নীতি**
**ঘুষ ও দুর্নীতি দমন করার জন্য পেশাগত আচরণবিধি**

---

| | |
|---|---|
| নীতি: | **ঘুষ এবং দুর্নীতি দমন নীতি (ABC)** |
| কর্পোরেট দায়িত্ব: | জেনারেল কাউন্সেল |
| সংস্করণ: | 2.1 |
| সর্বশেষ সংস্করণ: | অক্টোবর 2017 |

---

**এই পদ্ধতি Vesuvius plc এর জেনারেল কাউন্সেল ও কোম্পানি সেক্রেটারির অফিসের অনুমোদন ছাড়া সংশোধন করা যাবে না।**

---

**ভূমিকা**

এই নীতি Vesuvius-এর ব্যবসায়িক নৈতিকতা এবং Vesuvius-এর আচরণবিধিতে ঘোষিত মূলনীতির পরিচালন, যা Vesuvius-এর সমস্ত সত্তা যাতে স্বচ্ছতা ও সততার সঙ্গে পরিচালিত হয় তাকে সহায়তা করে।

এই নীতির মূল লক্ষ্য হল:

- ঘুষ ও দুর্নীতি একেবারেই বরদাস্ত না করায় আমাদের যে অবস্থান, তা পালন করা ও বজায় রাখার জন্য Vesuvius-এর সমস্ত ডিরেক্টর, অফিসার কর্মী ও আমাদের জন্য যারা কাজ করে তাদের দায়িত্ব নির্ধারণ করা; এবং
- আমরা কীভাবে ঘুষ ও দুর্নীতির সমস্যা সনাক্ত করি ও তার মোকাবেলা করি সেই সম্পর্কে আমাদের জন্য যারা কাজ করেন তাদেরকে তথ্য প্রদান করা ও নির্দেশ প্রদান করা।

Vesuvius এবং এর সাথে সংশ্লিষ্ট অসুবিধা, ব্যবসার ক্ষতি বা অতিরিক্ত খরচ সহ যে কোনও ঘুষের টাকা দিতে অস্বীকৃতি জ্ঞাপনকারীকে পূর্ণ সমর্থন দেবে তবে, কোনো পরিস্থিতিতেই, আপনি এমন কোন পদক্ষেপ নেবেন না যা আপনাকে বা অন্য ব্যক্তির নিরাপত্তাকে বিপদের মুখে ফেলে।

এই নীতি লঙ্ঘন গুরুতর অন্যায় আচরণ এবং এর ফলস্বরূপ অভ্যন্তরীণ তদন্ত,শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং চাকরি থেকে বরখাস্ত পর্যন্ত করা হতে পারে। এই নীতির লঙ্ঘনের পরিণাম Vesuvius ও সংশ্লিষ্ট ব্যক্তির জন্য মারাত্মক হতে পারে এবং এর ফলস্বরূপ আর্থিক জরিমানা এবং/অথবা কারাদণ্ড হতে পারে।

যদি আপনার সন্দেহ হয় যে Vesuvius-এর কোন ডিরেক্টর, অফিসার বা কর্মী বা Vesuvius-এর হয়ে কাজ করেন এমন কোনো ব্যক্তি আচরণবিধি বা এই নীতি লঙ্ঘন করেছেন তাহলে আপনাকে অবশ্যই অবিলম্বে কোম্পানিকে জানাতে হবে। সন্দেহজনক অসৎ আচরণ জানানোর জন্য কোন কর্মীকে শাস্তি দেওয়া হবে না বা অসুবিধার মুখে ফেলা হবে না।

**পরিধি**

এই নীতি:

- Vesuvius-এর ডিরেক্টর, অফিসার এবং কর্মী এবং যেখানে যথোচিত সেখানে Vesuvius-এর হয়ে পরিষেবা প্রদানকারী তৃতীয় পক্ষের উপর প্রযোজ্য;
- Vesuvius plc এবং এর অধীনস্থ কোম্পানি সহ Vesuvius গোষ্ঠীর (“**Vesuvius**”) উপর প্রযোজ্য, তা ব্যবসা যে দেশেই পরিচালনা করা হোক না কেন এবং/অথবা দপ্তর যেখানেই অবস্থিত হোক না কেন।

এই নীতির মূলনীতি সমস্ত দেশের ক্ষেত্রে প্রযোজ্য হওয়া আবশ্যক, এমনকি সেগুলি স্থানীয় আইনের থেকে কঠোর হলেও। যেখানে স্থানীয় আইন এই নীতির থেকে বেশি কঠোর, সেখানে এই নীতির সাথে স্থানীয় আইনগুলিও অবশ্যই মেনে চলতে হবে।

Vesuvius আচরণবিধি বা এই নীতি অনুসারে নিষিদ্ধ এমন কোন কাজ সম্পূর্ণ করার জন্য ব্যক্তিগত পুঁজি ব্যবহার করা কখনো গ্রহণযোগ্য নয়।

## 1. নীতির বিবৃতি

1.1 Vesuvius তার ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কোনো রকম দুর্নীতি বরদাস্ত করবে না।

1.2 Vesuvius এর কেউ কোন রকম ঘুষ নেওয়ার কাজে যুক্ত হতে পারবে না অর্থাৎ আমরা কখনো অনৈতিক আচরণ বা কোন সিদ্ধান্ত প্রভাবিত করার জন্য কোন ব্যক্তি বা সরকারি আধিকারিককে[1] অর্থ, পুরস্কার, সুবিধা প্রদান করার প্রতিশ্রুতি দেব না।

1.3 অতএব, Vesuvius-এর কোনো ডিরেক্টর, অফিসার বা কর্মী অথবা Vesuvius এর হয়ে কর্মরত কোনো তৃতীয় পক্ষ[2] নিচে উল্লিখিত কার্যগুলি করতে পারবেন না:

- কোন ব্যক্তিকে ঘুষ প্রদানের প্রস্তাব;
- কোন ব্যক্তির থেকে ঘুষ গ্রহণ এবং/অথবা
- তৃতীয় পক্ষের মাধ্যমে পরোক্ষভাবে কোন ঘুষের প্রস্তাব প্রদান বা ঘুষ নেওয়ার কাজে লিপ্ত থাকা।

1.4 Vesuvius-এর প্রত্যেককে খেয়াল রাখতে হবে যে আমাদের সমস্ত ব্যবসা যেন নৈতিকতার সর্বোচ্চ মান বজায় রেখে করা হয় এবং এই নীতি ও সমস্ত ঘুষ ও দুর্নীতি দমন আইন মেনে করা হয় ।

## ঘুষ ও দুর্নীতির ঝুঁকি

### 2. তৃতীয় পক্ষগণ

***নির্দেশনা*: Vesuvius-কে তার তৃতীয় পক্ষের[3] দ্বারা ঘুষ গ্রহণের জন্য দায়ী করা যেতে পারে। তাই, Vesuvius কেবলমাত্র সেইসব তৃতীয় পক্ষের সঙ্গে কাজ করতে চায় যাদের নৈতিক মূল্যবোধ Vesuvius-এর মতোই।**

2.1 Vesuvius-এর হয়ে কাজ করে এমন সমস্ত তৃতীয় পক্ষকে অবশ্যই প্রযোজ্য ঘুষ ও দুর্নীতি দমন নীতি মেনে চলতে হবে। উপরন্তু, নৈতিকভাবে ব্যবসা পরিচালনার সর্বোচ্চ মান তুলে ধরার জন্য তাদেরকে অবশ্যই এই নীতি সম্পর্কে অবহিত করতে হবে।

2.2 যে সমস্ত তৃতীয় পক্ষ এই নীতি বা প্রযোজ্য ঘুষ ও দুর্নীতি দমন আইন লঙ্ঘন করবে তাদেরকে Vesuvius এর হয়ে কাজ করতে দেওয়া যাবে না।

2.3 এজেন্ট, ডিস্ট্রিবিউটর এবং অন্যান্য সমস্ত তৃতীয় পক্ষদের নিয়োগের সময় "***Policy on Appointing Agents and Third Parties***" মেনে চলতে হবে যার মধ্যে উপযুক্ত এবং যথেষ্ট পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

### 3. উপহার, আতিথেয়তা এবং বিনোদন (GH&E)

***নির্দেশনা*: উপহার, আতিথেয়তা এবং বিনোদন হল সৌজন্যতার একটি দিক যা অনেক দেশে প্রচলিত ব্যবসায়িক প্রথা । সংযোজনে, এটি সম্পর্ক গড়ে তোলার এবং বজায় রাখার জন্য একটি গুরুত্বপূর্ণ উপায়। অতিরিক্ত মাত্রায় বা অনুচিতভাবে ব্যবহার করা হলে তা ঘুষ হিসেবে বিবেচনা করা হতে পারে। যদি কোন উপহার, বিনোদন বা আতিথেয়তা ইচ্ছাকৃতভাবে বা পুরস্কার স্বরূপ বা অগ্রাধিকার পাওয়ার জন্য বা সুবিধা পাইয়ে দেওয়া বা তাতে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে হয় তাহলে এই নীতির অধীনে তা অনুমোদিত নয়।**

3.1 Vesuvius যে সমস্ত ব্যাপারে উপহার, আতিথেয়তা বা বিনোদন ব্যবহার করবে না সেগুলি হল:

- অনুচিত ব্যবসায়িক সুবিধা পাওয়ানোয়;
- অনুচিতভাবে ব্যবসায়িক সিদ্ধান্ত প্রভাবিত করানোয়;
- প্রাপকের রায়ের হেরফের ঘটানোয়; অথবা
- Vesuvius এর অনুকূলে আচরণ করার ***জন্য*** অধীনতামূলক একটি ধারনা তৈরি করানোয়।

3.2 উপহার অবশ্যই খোলাখুলি, নিঃশর্তে, সাধারণ মূল্যের দিতে হবে। আতিথেয়তা এবং বিনোদনের প্রস্তাব অবশ্যই ব্যবসার উপযোগী হতে হবে এবং প্রবীণত্বের স্তর ও পদ মর্যাদা অনুসারে উপযুক্ত উদ্দেশ্যে গ্রহণ করতে হবে।

---

[1] সংজ্ঞাসমূহ দেখুন

[2] সংজ্ঞাসমূহ দেখুন

[3] সংজ্ঞাসমূহ দেখুন

3.3 সমস্ত উপহার, আতিথেয়তা এবং বিনোদনের ক্ষেত্রে অবশ্যই Vesuvius GH&E মেনে চলতে হবে এবং সেই অনুসারে নথিবদ্ধ করে রাখতে হবে। এই নীতি বা GH&E পদ্ধতির কোন বিচ্যুতির ক্ষেত্রে তা অবশ্যই পরিচালন নীতি অনুসারে উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়ে তার আগাম অনুমতি নিতে হবে।

3.4 GH&E পদ্ধতি মেনেই একমাত্র সরকারি আধিকারিক এবং সত্তাদেরকে উপহার, আতিথেয়তা এবং বিনোদন প্রদান করা যাবে।

## 4. দান ও স্পনসরশিপ

*__নির্দেশনা:__*

***সমাজে এবং সমাজের যে সমস্ত জনসাধারণের সাথে কাজ করে তাদের সহায়তা করে Vesuvius সমাজে ভূমিকা গ্রহণ করতে পারে – স্থানীয় দানমূলক কাজ ও উদ্যোগকে সহায়তার এবং বৈধ ব্যবসায়িক উদ্যোগের পৃষ্ঠপোষকতার মাধ্যমে। কিন্তু সাবধান থাকতে হবে যে দান এবং স্পনসরশিপকে ঘুষ দেওয়ার প্রক্রিয়া হিসেবেও ব্যবহার করা যেতে পারে।***

4.1 যেখানে Vesuvius দাতব্য প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করে, বিশেষ করে স্থানীয় সম্প্রদায়ের মধ্যে, তা যেন কোনোভাবেই গ্রাহক এবং/অথবা ব্যবসায়িক সহযোগীদের অনুরোধে না হয়, যদি না উর্ধ্বতন কর্তৃপক্ষের আগাম লিখিত অনুমোদন থাকে

4.2 দাতব্য প্রতিষ্ঠানগুলোতে প্রদত্ত সমস্ত দান, তা সে নগদ বা আনুষ্ঠানিক অবদান, প্রকাশনায় অর্থ সাহায্য করে বা অর্থ সংগ্রহের উদ্যোগে সহায়তা করার মধ্যেই হোক না কেন, তার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের আগাম অনুমোদন থাকা আবশ্যক।

4.3 নির্দিষ্ট কারণ বা ইভেন্টের স্পনসরশিপ, যা সেই ধরনের সহায়তা প্রচারের উদ্দেশ্যে করা হয়েছে, তা গ্রহণ করা যেতে পারে, যেখানে Vesuvius স্পনসর হিসেবে অংশ নিচ্ছে এবং তা সকলের কাছে দৃশ্যমান ও বাণিজ্যিক বা সম্প্রদায়ের সুবিধার্থে প্রযোজ্য। যে সমস্ত ক্ষেত্রে কোনো বিশেষ কারণ বা ইভেন্টে স্পনসর করলে পরিবর্তে সামাজিক এবং ব্যবসায়িক উপকারিতায় জনসমক্ষে Vesuvius এর স্পনসর হিসেবে থাকাটা লাভজনক হয়, সে সমস্ত ক্ষেত্রে স্পনসরশিপ নেওয়া যেতে পারে। এক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের থেকে অবশ্যই আগাম অনুমোদন আবশ্যক।

4.4 Vesuvius কোনো রাজনৈতিক দলকে কোনোরকম উপহার অথবা আর্থিক সহায়তা প্রদান করে না।

## 5. ফেসিলিটেশন পেমেন্ট

*__নির্দেশনা:__* **ফেসিলিটেশন** ***পেমেন্ট[4] (গ্রিজ বা স্পিড পেমেন্টে হিসেবেও পরিচিত) বলতে সরকারি আধিকারিকদের দিয়ে কোন কাজ করানো বা কাজের গতি বাড়ানোর উদ্দেশ্যে অল্প পরিমাণ অর্থ প্রদান করাকে বোঝায়। আসলে এই ধরনের পেমেন্টকে ইউকে ব্রাইবেরি আইনের এর অধীনে ঘুষ বলা হয় ও সেটি বেআইনি বলে বিবেচনা করা হয়ে থাকে।***

5.1 এই নীতি অনুসারে **ফেসিলিটেশন** পেমেন্ট নিষিদ্ধ।

5.2 যেখানে কোন ব্যক্তিকে জোরপূর্বক এই ধরনের পেমেন্ট করতে বাধ্য করা হয়, যেমন আটকে রাখা বা যেখানে শারীরিকভাবে ক্ষতি করার ভয় দেখিয়ে বা হুমকি দিয়ে সহজতর করার জন্য পেমেন্টের অনুরোধ করা হয়, সেখানে ঝুঁকি না নিয়ে পেমেন্ট করে দেওয়াই বাঞ্ছনীয়।

5.3 যেখানে সহজতর পেমেন্ট (5.2 অনুচ্ছেদে উল্লিখিত পরিস্থিতির কারণে) করা হয়ে থাকে, তা অবশ্যই অবিলম্বে আর্থিক রেকর্ডে স্পষ্টভাবে পেমেন্টের বিষয়ে নথিভুক্ত রাখা নিশ্চিত করতে আপনার স্থানীয় ফাইন্যান্স ডিরেক্টরকে জানাতে হবে।

## 6. সরকারি আধিকারিকদের সঙ্গে কাজ করা

*__নির্দেশনা :__* ***পারমিট, আইপি রেজিস্ট্রেশন এবং পরিবেশগত বিষয় ইত্যাদি ক্ষেত্রে ব্যবসা পরিচালনা করার সময় Vesuvius-কে সরকার, নিয়ন্ত্রক কর্তৃপক্ষ, সরকারি সংস্থা এবং সরকারি আধিকারিকদের সঙ্গে কাজ করতে হয়। এই প্রক্রিয়া স্বচ্ছ***

[4] সংজ্ঞাসমূহ দেখুন

***হতে হবে এবং নীতি ও নিয়ম সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা কর্মীদেরকে এই সমস্ত কাজ অবশ্যই সততার সঙ্গে পরিচালনা করতে হবে।***

6.1 Vesuvius-এর কোনো ডিরেক্টর, অফিসার বা Vesuvius-এর হয়ে কোনো তৃতীয় পক্ষ সরকারি আধিকারিককে তার দায়িত্ব পালন না করার ক্ষেত্রে প্রভাব খাটায় না।

6.2 একমাত্র GH&E পদ্ধতি মেনেই সরকারি আধিকারিক দেরকে উপহার, আতিথেয়তা এবং বিনোদন প্রদান করা যেতে পারে।

6.3 এমন কিছু পরিস্থিতি থাকে যেখানে Vesuvius-কে অবশ্যই **লিখিত আইন**[5] অনুসারে সরকারি আধিকারিককে পেমেন্ট করতে হয় যেমন কাস্টম ক্লিয়ারেন্স বা পরিবেশগত নিয়ন্ত্রকের পরিদর্শনের ময় ।আমরা আশা করি এই ধরনের আধিকারিকরা তাদের আইনি ও নিয়ন্ত্রক দায়িত্ব পালন করবেন এবং আইন অনুসারে ফি পেমেন্ট করবেন। যেখানে সম্ভব, এইসব পেমেন্ট করার সময় প্রমাণ স্বরূপ রসিদ সংগ্রহ করতে হবে। এইসব আধিকারিকদের অতিরিক্ত পেমেন্ট বা উপহার প্রদান করা চলবে না।

## 7. প্রচারমূলক কাজ

***<u>নির্দেশনা:</u> মার্কেটিং ব্যবসার একটি মৌলিক উপাদান এবং যদি সঠিকভাবে গ্রহণ করা হয় তাহলে এটা ব্যবসা সহায়তা ও বিকাশের মূল্যবান সরঞ্জাম। তবে, মার্কেটিং এমন কোনো আতিথেয়তা ও বিনোদনের সাথে সংযুক্ত করা উচিত নয় যা ব্যবসায়িক ফলাফল অনুচিতভাবে প্রভাবিত করার প্রচেষ্টা করে।***

7.1 যেখানে Vesuvius:

- সম্ভাব্য গ্রাহকদের জন্য সাইট ভিজিটের ব্যবস্থা করে; অথবা
- তার পণ্য ও পণ্যের ব্যবহার সম্পর্কিত প্রচারের জন্য অনুষ্ঠানের আয়োজন করে,

এগুলো অবশ্যই শুধু মাত্র প্রযুক্তিগত আলোচনা ও ব্যবসায়িক তথ্য বিনিময়ের উদ্দেশ্যের জন্য হতে হবে। প্রতিটি ক্ষেত্রে, সংশ্লিষ্ট আতিথেয়তা বা বিনোদন অবশ্যই ব্যবসা উপযুক্ত এবং সমানুপাতিক, এবং এই নীতি ও GH&E পদ্ধতির সম্মত হতে হবে।

## 8. দর কষাকষি করা এবং দরপত্র দাখিল করা

***<u>নির্দেশনা:</u> যে কোনো মুখ্য চুক্তির জন্য দর কষাকষি করা অথবা দরপত্র দাখিল করা বিশেষ করে সরকারি সংস্থা যেখানে জড়িত এইসব চুক্তির সঙ্গে সংযুক্ত আর্থিক মূল্যের কারণে কমপ্লায়েন্স এ অতিরিক্ত ঝুঁকি তৈরি করে।***

8.1 যেখানে দরপত্র চাওয়ার প্রক্রিয়ায় স্বচ্ছতা বা নৈতিকতার বিষয়ে বিপদ সংকেত[6] বা অন্য যেকোন উদ্বেগ রয়েছে যা সমাধান বা প্রতিকার করা যাবে না, সেখানে দরপত্র দাখিল করার প্রক্রিয়া থেকে Vesuvius নাম প্রত্যাহার করে নেবে।

## 9. মার্কেট অ্যাকসেস (অধিগ্রহণ ও যৌথ উদ্যোগ)

***<u>নির্দেশনা:</u> Vesuvius যে কোন কোম্পানি অধিগ্রহণ করলে সেই কোম্পানির ডিরেক্টর, অফিসার এবং কর্মীদের আচরণের ক্ষেত্রে দায়বদ্ধ থাকবে এবং অধিগ্রহণ করা কোম্পানিগুলো বা যৌথ উদ্যোগের সহযোগী কোম্পানিগুলোর আগের আচরণের জন্য ও দায়বদ্ধ থাকবে।***

9.1 প্রস্তাবিত সমস্ত অধিগ্রহণ ও যৌথ উদ্যোগের লেনদেন বা বাজারে প্রবেশ করার অন্যান্য কৌশলগুলোকে চুক্তির দর কষাকষি সম্পূর্ণ হওয়ার আগে অবশ্যই নৈতিকভাবে যথাযথ ও প্রযোজ্য পরীক্ষা করতে হবে।

অধিগৃহীত প্রতিষ্ঠান এবং তাদের তৃতীয় পক্ষ হিসেবে যুক্ত প্রতিষ্ঠান গুলির নিয়মমাফিক কমপ্লায়েন্স রিভিউ লেনেদনের পর যেটা তাড়াতাড়ি সম্ভব করে ফেলতে হবে। সেটা যেন কোনোভাবেই অধিগ্রহণের পর ছ'মাসের বেশি না হয়।

## 10. ব্যবসা বহির্ভুত স্বার্থ

***<u>নির্দেশনা:</u> সরকারি আধিকারিকদের ব্যবসা বহির্ভুত স্বার্থ এবং যোগাযোগ সমস্যা তৈরী করে না। সমস্যা তখন তৈরী হয় যখন সম্পর্ক স্বচ্ছ নয় এবং অনুচিত প্রভাবের জন্য ব্যবহার করা হয় অথবা ব্যবহার করা হবে এমন হয়। কোন সরকারি আধিকারিকের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক রাখা হলে Vesuvius-এর উপর প্রভাব ফেলে এমন সিদ্ধান্ত নেওয়ার সময় উক্ত***

[5] রীতি বা অভ্যাসের মাধ্যমে নয়

[6] সংজ্ঞাসমূহ দেখুন

***আধিকারিকের স্বার্থের সংঘাত হতে পারে এবং যার ফলে ঘুষ দেওয়া নেওয়া হতে পারে। ব্যবসা বহির্ভুত স্বার্থ বলতে সেইসব সংঘাতকে বলা হচ্ছে যেগুলো Vesuvius-এ আপনার ভূমিকা ও দায়িত্বকে প্রভাবিত করে।***

10.1 Vesuvius এর কর্মীবর্গ এবং Vesuvius এর সঙ্গে কর্মরত অন্যান্য ব্যক্তিরা ব্যক্তিগত সুবিধার জন্য তাদের পদের অপব্যবহার করবেন না।

10.2 **ব্যবসা বহির্ভুত স্বার্থ** পদ্ধতি এর সাথে সঙ্গতি রেখে Vesuvius এর কর্মীবর্গ এবং Vesuvius এর সঙ্গে কর্মরত অন্যান্য ব্যক্তিদের অবশ্যই ঘোষণা করতে হবে পদ্ধতি অনুসারে:

- তাদের যেকোন **ব্যবসা বহির্ভুত স্বার্থ**[7]; এবং
- সরকারি আধিকারিকদের সঙ্গে সমস্ত যোগাযোগ

যাতে যে কোন দ্বন্দ্ব অথবা বিবাদ বোঝা যায় এবং তা নিয়ন্ত্রণে আনা যায়।

## সম্মতি এবং তত্বাবধান

প্রতিটি ব্যবসায়িক ইউনিট বা বিশ্বব্যাপী কার্যকারিতার কর্তৃপক্ষ এই নীতি বাস্তবায়ন করা এবং কর্মীদের দায়িত্বের বিষয়ে প্রয়োজনীয়তা প্রয়োগ করতে দায়বদ্ধ।

GH&E পদ্ধতি মেনে পেমেন্ট, উপহার এবং খরচের অনুমোদন নেওয়া আবশ্যক। অভ্যন্তরীণ অডিটের মাধ্যমে এই নীতি এবং GH&E পদ্ধতির বাস্তবায়ন নিরীক্ষণ করা হবে এবং মেনে চলা হচ্ছে কিনা তা দেখা হবে। সংস্থার আইনি বিভাগও যেকোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য উপলব্ধ থাকবে।

## এই নীতির লঙ্ঘন বা সম্ভাব্য লঙ্ঘন

সমস্ত কর্মীকে প্রযোজ্য আইন মেনে ও Vesuvius-এর নৈতিক মূল্যবোধ অনুসারে ব্যবসায়িক পরিচালনার করার দায়িত্ব ব্যক্তিগতভাবে নিতে হবে এবং যেকোন উদ্বেগ বা নৈতিক আইন লঙ্ঘনের সন্দেহের বিষয়টিকে বিলম্বে জানাতে হবে। উদ্বেগের বিষয়ে আপনার লাইন ম্যানেজার, আইন দল বা কর্মী উদ্বেগের হেল্পলাইনে (Speak up) নিজের পরিচয় গোপন রেখে জানাতে পারেন।

আরো বিস্তারিত বিবরণ Vesuvius Speak Up নীতির মধ্যে আছে।

## প্রশিক্ষণ/আরো নির্দেশনা

নির্বাচিত কর্মীদেরকে নীতি ও নিয়ন্ত্রকের পরিস্থিতির (বাস্তবিক উদাহরণ দিয়ে বোঝানো হয়েছে) ব্যাখা প্রদানকারী প্রশিক্ষণে অংশ নিতে হবে এবং এই নীতির তথ্যের সম্পূরক একটি প্রশিক্ষণ কর্মসূচি সম্পূর্ণ করতে হবে। যদি আপনি নির্বাচিত না হন কিন্তু প্রশিক্ষণ পেতে চান, তাহলে আপনাকে ফাইন্যান্স হেড বা আইন বিভাগের কোন সদস্যের সঙ্গে যোগাযোগ করতে হবে।

## প্রশ্ন

এই নীতি সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার লাইন ম্যানেজার, কান্ট্রি ফাইন্যান্স হেড বা আইন বিভাগের কোন সদস্যের সঙ্গে যোগাযোগ করুন।

## সংযোজনী 1 - সংজ্ঞা

**ঘুষ** হল:

- এমন কোনও সুবিধা, আর্থিক বা অন্য কিছু....
- যার প্রতিশ্রু, প্রস্তাব দেওয়া হয় বা প্রদান করা হয়....
- তাদের প্রভাবিত করার জন্য....
- কোন অনুচিত কাজ করানোর জন্য....
- তাদের আধিকারিক ক্ষমতার মধ্যে....
- কোনো ব্যবসা পেতে বা ধরে রাখার উদ্দেশ্যে....
- অথবা এইধরনের কাজ করার জন্য পুরস্কার দেওয়া।

[7] সংজ্ঞাসমূহ দেখুন

ঘুষ মানেই যে কেবল টাকা তা নয়। প্রাপকের সুবিধার্থে যেকোন কিছুই হল ঘুষ। যেমন- বিলাসবহুল বিনোদন, কোন গ্রাহকের ছেলে বা মেয়েকে কাজে বহাল করা, সরকারি আধিকারিকের পছন্দের দাতব্য প্রতিষ্ঠানে অর্থ সাহায্য করা। সুবিধা হাতে হাতে না দেওয়া হলেও প্রস্তাব বা প্রতিশ্রুতিই যথেষ্ট

**সরকারি আধিকারিক** হলেন একজন ব্যক্তি:

- যিনি কোনও বিধানসভা, প্রশাসনিক বা বিচার বিভাগীয় পদের অধিকারী, তা সে নিযুক্ত বা নির্বাচিত যাই হোক না কেন, অথবা
- দেশ বা সরকারের (উক্ত দেশ বা অঞ্চলের যেকোন মহকুমা) হয়ে সরাসরি সরকারি কাজ করে অথবা পরোক্ষভাবে দেশ বা অঞ্চলের (অথবা মহকুমা) কোন সরকারি সংস্থা বা সরকারি প্রতিষ্ঠানের হয়ে কাজ করে, অথবা
- সরকারি আন্তর্জাতিক সংস্থার আধিকারিক বা এজেন্ট। (যেমন- UN), অথবা
- সরকারের মালিকাধীন ব্যবসার (যেমন রাষ্ট্রীয় মালিকানাধীন সত্তার কর্মী) কর্মী, অথবা
- কোন রাজনৈতিক দল, রাজনৈতিক দলের আধিকারিক এবং রাজনৈতিক কার্যালয়ের প্রার্থী; অথবা
- কোন সরকারি আধিকারিকের আত্মীয় **স্বজন**।

**তৃতীয় পক্ষ**: তৃতীয় পক্ষ হল সেইসব স্বতন্ত্র, ব্যক্তি বা সংস্থা যারা Vesuvius-এর জন্য বা Vesuvius এর হয়ে পরিষেবা প্রদান করে। এর মধ্যে সেলস্ এজেন্ট, ডিস্ট্রিবিউটর, পরামর্শদাতা/উপদেষ্টা এবং অন্যান্য মধ্যস্থতাকারী, ঠিকাদার এবং উপ ঠিকাদার অন্তর্ভুক্ত (এবং সরকার ও সরকারি সংস্থা গুলোকেও অন্তর্ভুক্ত করা যেতে পারে)।

**ফেসিলিটেটিং পেমেন্ট** হল এমন এক ধরনের পেমেন্ট যা সরকারি আধিকারিক বা সংস্থার নিয়মিত কাজ নিরাপদে ও দ্রুত করানোর (যেমন- লাইসেন্স বা পারমিট প্রদান, কাস্টমসের কার্যপদ্ধতি) জন্য করা হয়। এছাড়াও "গ্রিজ" বা "স্পিড" পেমেন্ট হিসেবে পরিচিত।

**বহিরাগত স্বার্থ:** Vesuvius কোম্পানির কর্মী বা আধিকারিকের (অথবা ঘনিষ্ঠ আত্মীয় বা ব্যবসায়িক সহযোগী) যে কোনো ব্যক্তিগত, গোপনীয়, ব্যবসায়িক, দাতব্য বা রাজনৈতিক স্বার্থ যা তাদের Vesuvius-এর প্রতি দায়িত্বের অধীনে পরে না । উদাহরণ হিসাবে:

- কোন ব্যবসা বা কোম্পানির মালিকানা/পরিচালনা
- কোন নির্দিষ্ট দাতব্য প্রতিষ্ঠান, রাজনৈতিক, সামাজিক বা ব্যবসায়িক সমিতির জন্য কাজ করা
- সরকারি আধিকারিকের সঙ্গে সংযোগ/**আত্মীয়তা** ।